

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসলিম ব্যক্তি ঘুমানোর সময় তার ওয়্র অঙ্গ-প্রতঞ্জের উপর তার মাথার পশ্চাৎভাগে গিরা দেওয়া হয় ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الشَّيْطَانَ قَدْ يعقدُ عَلَى مَوَاضِعِ الْوُضنُوءِ مِنَ الْمُسْلِمِ عُقَدًا عَلَى قَافِيَةِ رأسِهِ عِنْدَ النَّوْمِ

আরবী

2546 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّتَنَا ابْنُ وَهْبِ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا عُشَّانَةَ حدَّته : أَنَّهُ سَمِعَ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ: لَا أَقُولُ الْيَوْمَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا لَمْ يَقُلْ سَمِعْتُ رسول الله صلى الله عليه الله عليه وسلم يقول: (مَنْ كَذَبَ عَلَيَّ متعمِّداً فَلْيَتَبَوَّأُ بَيْتًا مِنْ جَهَنَّم) وَسَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: رَجُلٌ مِنْ أُمَّتِي يَقُومُ مِنَ اللَّيْلِ يُعَالِجُ نَفْسَهُ إِلَى الطَّهُورِ وَعَلَيْهِ عُقَدُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: رَجُلٌ مِنْ أُمَّتِي يَقُومُ مِنَ اللَّيْلِ يُعَالِجُ نَفْسَهُ إِلَى الطَّهُورِ وَعَلَيْهِ عُقَدُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: رَجُلٌ مِنْ أُمَّتِي يَقُومُ مِنَ اللَّيْلِ يُعَالِجُ نَفْسَهُ إِلَى الطَّهُورِ وَعَلَيْهِ عُقَدُ فَإِذَا وَضَا يَدَيْهِ انْحَلَّتْ عُقْدَةً وَإِذَا مَسَحَ رَأُسَهُ انْحَلَّتْ عُقْدَةً وَإِذَا وَضَا رِجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةً فَإِذَا وَضَا وجهه أَنْحَلَّتْ عُقْدَةً وَإِذَا وَضَا رِجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةً وَإِذَا وَضَا رَجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةً وَإِذَا وَضَا رَجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةً وَإِذَا وَضَا رِجْلَيْهِ انْحَلَّتْ عُقْدَةً فَيَقُولُ اللَّهُ جَلَّ وَعَلَا لِلَّذِي وَرَاءَ الْحِجَابِ: انْظُرُوا إِلَى عَبْدِي هَذَا فَهُو لَهُ مَا سَأَلْنِي عَبْدِي هَذَا فَهُو لَهُ مَا سَأَلْنِي عَبْدِي هَذَا فَهُو لَه.

الراوي: عُقْبَة بْن عَامِرٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2546 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

২৫৪৬. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আজকে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নামে এমন কথা বলবো না, যা তিনি বলেননি, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে ব্যক্তি আমার ব্যাপারে ইচ্ছাকৃতভাবে মিথ্যা কথা বলবে, সে যেন জাহান্নামে তার বাড়ি বানিয়ে নেয়।" আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরো বলতে শুনেছি, তিনি



বলেছেন, "আমার উম্মাতের এক ব্যক্তি রাত্রে উঠে কষ্ট করে পবিত্রতা অর্জন করে। আর এসময় তার উপর (শয়তানের) গিরা দেওয়া থাকে। অতঃপর সে যখন তার দুই হাত ধৌত করে, তখন একটি গিরা খুলে যায়। যখন সে তার মুখ ধৌত করে, তখন আরেকটি গিরা খুলে যায়। যখন সে তার মাথা মাসেহ করে, তখন আরেকটি গিরা খুলে যায়। যখন সে তার দুই পা ধৌত করে, তখন আরেকটি গিরা খুলে যায়। তখন মহান আল্লাহ পর্দার বাইরের ফেরেস্তাদের বলেন, "তোমরা আমার এই বান্দার দিকে দেখো, সে কষ্ট স্বীকার করছে আমার কাছে চাওয়ার জন্য। আমার এই বান্দা যা কিছু চাইবে, তাকে তা দিয়ে দেওয়া হবে। আমার এই বান্দা যা কিছু চাইবে, তাকে তা দিয়ে দেওয়া হবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২০১; আত তাবারানী আল কাবীর: ১৭/৩০৫; হাইসামী, মাজমাণ্ট্য যাওয়াইদ: ১/২২৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২২০।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন